গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

বিষয় ঃ মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় জননিরাপত্তা বিভাগ ও এর আওতাদীন দপ্তর/ অধিদপ্তরসমূহের ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি, ২০১৮-২০১৯ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন চুড়ান্তকরণের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রুহি রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ০৭/০২/২০১৮ বিকাল ৪.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর অতিরিক্ত সচিব(বাজেট) সকলে উপস্থিতির জন্য ধন্যবাদ জানান এবং আলোচ্য বিষয়সমূহ সূচি অনুযায়ী উপস্থাপনের জন্য কমিটির সদস্য সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় জননিরাপত্তা বিভাগ ও এর আওতাদীন দপ্তর/ অধিদপ্তরসমূহের ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি, ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন এবং অধিদপ্তর ভিত্তিক প্রাক্কলন ও প্রক্ষেপনের যৌক্তিতার বিষয়ে মুক্ত আলোচনার আহবান জানান।

৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি, ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর প্রতিনিধি জনাব রুহি রহমান জানান যে, সচিবালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি, ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন বিষয়ে বলেন যে, জননিরাপত্তা বিভাগ এর অনুকূলে নন-টেক্স রেভেনিউ লক্ষ্যমাত্রা যা প্রশাসন শাখা হতে প্রেরণ করা হয়েছে তা যৌক্তিক এবং ইহা চুড়ান্ত মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

(খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জনাব মোঃ মনিরুল ইসলাম, অতিরিক্ত ডিআই জি(অর্থ) জানান যে, জাতীসংঘের মিশনের সংখ্যা কমে যাচ্ছে এবং এ খাত হতে আগত নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) এর পরিমান দিন দিন কমে যাচ্ছে। ফলে বাংলাদেশ পুলিশের মোট নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) পরিমাণ কমে যাবে। এ ঘাতটি পূরণ করতে হলে ট্রাফিক পুলিশ কর্তৃক আদায়কৃত জরিমানার অর্থ সড়ক যোগাযোগ ও সেতু মন্ত্রনালয়ের নামে জমা না দিয়ে আদায়কারী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পুলিশ এর নামে জমা হলে নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর)এর পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পাবে। বাংলাদেশ পুলিশ কর্তৃক আদায়কৃত টাকা জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করা হয়। এ খাতের টাকা জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অধিন বাংলাদেশ পুলিশ এর নামে আদায় হলে আদায় এর পরিমান বৃদ্ধি পাবে এবং এতে বাংলাদেশ পুলিশ এর সদস্যগণের মনোবল বহুলাংশে বৃদ্ধি পাবে। এ বিষয়ে যৌক্তিকতা বিস্তারিত বর্ণনাপূর্বক অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি আবু হেনা মোঃ ফাইরুজ, বাজেট অফিসার, জানান যে, বিজিবির নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) খুবই সামান্য । অল্প কয়েকটি খাতে তাদের নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) আদায় হয় বিধায় তাদের নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) আদায় বাড়ানো সম্ভব হয় না। তবে বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক জব্দকৃত বা অবৈধভাবে আমদানিকৃত মালামাল ধ্বংস না করে বা তার মূল্য নির্ধারণ করে প্রয়োজনে নতুন নীতমালা করে নিলামের মাধ্যমে দেশে অথবা বিদেশে বিক্রি করলে নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর)এর পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পাবে এবং দেশের নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) বৃদ্ধি পাবে।

(ঘ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি পরিচালক(অর্থ),জনাব মসাহিদুজ্জামান যে, ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি, ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন আহরণ করার করা সম্ভব হবে মর্মে জানান।

(ঙ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি কমান্ডার এম কামরুল হাছান, উপ পরিচালক (বাজেট) জানান যে, বাংলাদেশ কোস্ট গার্ড এর নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) খুবই সামান্য । অল্প কয়েকটি খাতে তাদের নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) আদায় হয় বিধায় তাদের নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর) আদায় বাড়ানো সম্ভব হয় না। তবে বাংলাদেশ কোস্ট গার্ড এর কর্তৃক জব্দকৃত অবৈধভাবে আমদানিকৃত মালামাল ধ্বংস না করে তার মূল্য নির্ধারণ করে প্রয়োজনে নতুন নীতিমালা করে নিলামের মাধ্যমে দেশে অথবা বিদেশে বিক্রি করলে নন-ট্যাক্স রেভেনিউ (এনটিআর)এর পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পাবে।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

(ক) ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি, ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৯-২০২০,২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন (সংলগ্নি-ক) চুড়ান্ত মর্মে অর্থ বিভাগে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বাংলাদেশ পুলিশ কর্তৃক আদায়কৃত জরিমানার টাকা আদায়কারী হিসেবে বাংলাদেশ পুলিশ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নামে জমা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে অর্থ বিভাগ-কে অনুরোধ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) বর্ডার গার্ড বাংলাদেশ এবং বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক জব্দকৃত অবৈধভাবে আমদানিকৃত মালামাল ধ্বংস না করে তার মূল্য নির্ধারণ করে প্রয়োজনে নতুন নীতিমালা করে বা নিলামের মাধ্যমে বিক্রির বিষয়ে অর্থ বিভাগ-কে অনুরোধ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) অর্থ বিভাগের ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রেরিত ১৭/০১/২০১৮ তারিখের ১(১১) নং স্মারকের চাহিত মতে সকল তথ্য স্ব-স্ব অধিদপ্তর/দপ্তর কর্তৃক কম্পাইল করে তা আগামী ১২/০২/২০১৮ তারিখের মধ্যে জননিরাপত্তা বিভাগের বাজেট শাখায় প্রেরণ করবে এবং তা ১৩/০২/২০১৮ তারিখে অর্থ বিভাগের সভায় উপস্থাপনের জন্য প্রস্তুত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

নং-৪৪.০০.০০০০.০২৮.০১.০১১.২০১৫- তারিখঃ ১২/২/২০১৮খ্রিঃ

১। -------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ , বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব(ট্রেজারি ওঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৩

নং-৪৪.০০.০০০০.০২৮.০১.০১১.২০১৫)- ৭৪/৬(৪) তারিখঃ ১২/২/২০১৮খ্রিঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞার্তার্থে ও কার্যার্থে

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব